গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুমোদন এবং এ বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ খসড়া পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান এবং নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৯ জুলাই, ২০২০
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : অনলাইনে (জুম এ্যাপস)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল বলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা অনুমোদন এবং এ বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ খসড়া পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান এবং নৈতিকতা কমিটির এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ নৈতিকতা কমিটির অনুমোদনের জন্য এবং অধীনস্ত দপ্তর/সংস্থার খসড়া কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামো পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন।

২.০ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান, এ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনাক্রমে প্রস্তুত করা হয়। পরবর্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে ২৬/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত কর্মশালার পর্যবেক্ষণ অনুসারে NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সংশ্লিষ্টদের সাথে আলোচনাক্রমে সংশোধনপূর্বক খসড়া প্রস্তুত করা হয়েছে যা নৈতিকতা কমিটির সভায় অনুমোদন প্রয়োজন। নৈতিকতা কমিটি অনুমোদিত NIS কর্ম-পরিকল্পনা নির্ধারিত সময়ে ০৪/০৮/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে। তিনি পর্যায়ক্রমে এ বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের খসড়া NIS কর্ম-পরিকল্পনা এবং কর্ম-পরিকল্পনার সংশোধনযোগ্য বিষয় সভায় উপস্থাপন করেন। NIS এর নির্ধারিত কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়নে সবাই সচেষ্ট থেকে অর্থনৈতিক অগ্রযাত্রা বজায় রাখবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন।

৩.০ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-এর পরিবীক্ষণ প্রতিবেদন নিম্নরূপ :

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ :

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন/পর্যবেক্ষণ | মন্তব্য |
|---|---|---|---|
| ২.২ | অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অংশীজনের সভার পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ | মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণে কার্যক্রমটি সংশোধন করা হয়েছে |
| ৩.২ | "সড়ক পরিবহন আইন ২০১৮ এর আওতায় বিধিমালা" খসড়া ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ | ইতোপূর্বে ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ একবার প্রেরণ করা হয়েছে। | বর্তমানে পূণঃ প্রেরণ প্রক্রিয়াধীন থাকায় কর্ম-পরিকল্পনা থেকে বাদ দেয়া যেতে পারে। |
| ৫.১ | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ত্রৈমাসিক বিভাজন সংশোধন প্রয়োজন | মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণে কার্যক্রমটি সংশোধন করা হয়েছে |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | হালনাগাদের সুযোগ রাখা যায় | মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণে কার্যক্রমটি সংশোধন করা হয়েছে |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | কোন কোন ক্ষেত্রে পরিবীক্ষণ করা হবে তা উল্লেখ করা যায় | মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণে কার্যক্রমটি সংশোধন করা হয়েছে |
| ৯.১, ৯.২, ৯.৪ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | সুনির্দিষ্ট হওয়া প্রয়োজন | কার্যক্রমসমূহ আলোচনাক্রমে সুনির্দিষ্ট করে নৈতিকতা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো |

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন/পর্যবেক্ষণ | মন্তব্য |
|---|---|---|---|
| ৯.৩ | সড়ক মনিটরিং টিম এবং মনিটরিং কমিটি ও সড়ক বিভাগের কার্যক্রম পর্যবেক্ষণ ও সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত জোন সমন্বয়ক কর্তৃক সড়ক-মহাসড়ক পরিদর্শণ | বর্তমানে করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে মহাসড়ক পরিদর্শন কার্যক্রম ব্যাহত হচ্ছে। সে পরিপ্রেক্ষিতে মোট লক্ষ্যমাত্রা ৪০টির স্থলে ৩০টি করা হয় এবং ২য় প্রান্তিকে ১০টি, ৩য় প্রান্তিকে ১০টি ও ৪র্থ প্রান্তিকে ১০টি পূণঃনির্ধারণ করা যেতে পারে | |
| ১২.১ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | বর্তমানে করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে সভা, প্রশিক্ষণ কম হওয়ার কারণে বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান পূণঃনির্ধারণ প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে মোট লক্ষ্যমাত্রা ৬.৫০ লক্ষ টাকার স্থলে ৪.৬ লক্ষ টাকা এবং ১ম প্রান্তিকে ৫০০০/-, ২য় প্রান্তিকে ১০০০০/- স্থলে ৫০০০/- ৩য় প্রান্তিকে ১৫০০০০/- স্থলে ১০০০০০/- ও ৪র্থ প্রান্তিকে ৩৫০০০০/- টাকা পূণঃনির্ধারণ করা যেতে পারে। | |

দপ্তর/সংস্থার নাম : সড়ক ও জনপথ অধিদপ্তর

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন | মন্তব্য |
|---|---|---|---|
| ২.৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | সুনির্দিষ্ট প্রশিক্ষণের নাম উল্লেখ থাকা বাঞ্ছনীয় | |
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | NIS মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সুনির্দিষ্ট প্রশিক্ষণের নাম উল্লেখ থাকা বাঞ্ছনীয় | |
| ৪.৫ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশ ৩য়/৪র্থ প্রান্তিকে রাখা বাঞ্ছনীয় | |
| ৬.২ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | সওজ এর চলমান প্রকল্পের সংখ্যার তুলনায় পরিদর্শন কম, লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে। | |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সংশোধিত বাজেটের আলোকে ৩য়/৪র্থ প্রান্তিকেও একটি রাখা যায় | |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | সিটিজেনস্ চার্টার-এর কায়েকটি কার্যক্রমের নাম উল্লেখ করে তা পর্যবেক্ষণ করা যেতে পারে | |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা যেতে পারে | |
| ৯.১ | বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহের Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা যাচাইকরণ | প্রকল্পের নাম উল্লেখ থাকা প্রয়োজন | |
| ৯.২ | মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সাথে ভিডিও/অনলাইন/টেলিকনফারেন্স আয়োজন | লক্ষ্যমাত্রা বাড়ানো যায় বা অন্য কোন কার্যক্রম নেয়া যায় | |
| ৯.৪ | সওজ এর অনুমোদিত ডিপিপি'র প্রশাসনিক আদেশ ওয়েবসাইটে প্রকাশ | অন্য কার্যক্রম নেয়া যায় কী না | |
| ১১.১ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | কার্যক্রম একটি, বিভাজনের সুযোগ নেই | |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | লক্ষ্যমাত্রায় তারিখ সঠিকভাবে দেয়া হয়নি। লক্ষ্যমাত্রা নিম্নরূপ হতে পারে -<br>১ম : ১৬/০৮/২০২০, ২য় : ১৫/১০/২০২০, ৩য় : ১৫/০১/২০২১, ৪র্থ : ১৫/০৪/২০২১ | ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা হবে পূর্ববর্তী অর্থবছরের ৪র্থ প্রান্তিকের দাখিলের তারিখ |
| ১৩.৩ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | লক্ষ্যমাত্রায় তারিখ সঠিকভাবে দেয়া হয়নি। লক্ষ্যমাত্রা নিম্নরূপ হতে পারে -<br>১ম : ২৫/০৮/২০২০, ২য় : ২৫/১০/২০২০, ৩য় : ২৫/০১/২০২১, ৪র্থ : ২৫/০৪/২০২১ | |

দপ্তর/সংস্থার নাম : বিআরটিএ

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন | মন্তব্য |
|---|---|---|---|
| ২.২ | অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অংশীজন সভার পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ | |
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | NIS মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সুনির্দিষ্ট প্রশিক্ষণের বিষয় নির্ধারিত আছে। (শুদ্ধাচার, APA, GRS অন্তর্ভূক্ত করতে হবে) | |
| ৩.১ ও ৩.২ | | যে সকল কার্যক্রম নেয়া হয়েছে তা ৯ নং ক্রমিকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম হিসেবে নেয়া যায়।<br><br>৩ ক্রমিকে শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন উল্লেখ থাকা বাঞ্ছনীয় | |

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন | মন্তব্য |
|---|---|---|---|
| ৬. | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার | কোন প্রকল্প নেই? | |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সংশোধিত বাজেটের আলোকে ৩য়/৪র্থ প্রান্তিকেও একটি রাখা যায় | |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | সিটিজেনস্ চার্টার-এর প্রণয়ন/হালনাগাদ করতে হবে এবং কোন ক্ষেত্রে বাস্তবায়ন পরিবীক্ষণ করা হবে তার নির্দিষ্ট তালিকা কার্যক্রমের নামে সাথে উল্লেখ করতে হবে | |
| ৮.২ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | লক্ষ্যমাত্রার সংখ্যা বাড়ানো যেতে পারে | |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | লক্ষ্যমাত্রার সংখ্যা বাড়ানো যেতে পারে | |
| ৯.৪ | মামলার দফাওয়ারী জবাব তৈরী বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন | অন্য কার্যক্রম নেয়া যায় কী না<br>৩নং ক্রমিকের কার্যক্রম অন্তর্ভুক্ত করা যেতে পারে | |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | লক্ষ্যমাত্রায় তারিখ সঠিকভাবে দেয়া হয়নি। লক্ষ্যমাত্রা নিম্নরূপ হতে পারে -<br>১ম : ১৬/০৮/২০২০, ২য় : ১৫/১০/২০২০, ৩য় : ১৫/০১/২০২১, ৪র্থ : ১৫/০৪/২০২১ | ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা হবে পূর্ববর্তী অর্থবছরের ৪র্থ প্রান্তিকের দাখিলের তারিখ |
| ১৩.৩ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | লক্ষ্যমাত্রায় তারিখ সঠিকভাবে দেয়া হয়নি।<br>লক্ষ্যমাত্রা নিম্নরূপ হতে পারে -<br>১ম : ২৫/০৮/২০২০, ২য় : ২৫/১০/২০২০, ৩য় : ২৫/০১/২০২১, ৪র্থ : ২৫/০৪/২০২১ | |

দপ্তর/সংস্থার নাম : বিআরটিসি

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন | মন্তব্য |
|---|---|---|---|
| ২.৩ | | ২.৪ ক্রমিকে উল্লেখিত বিআরটিসি আইন ২.৩ ক্রমিকে অন্তর্ভূক্ত করা যায় | |
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | NIS মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সুনির্দিষ্ট প্রশিক্ষণের বিষয় নির্ধারিত আছে। (যেমন- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল,, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার) | |
| ৫.২ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | লক্ষ্যমাত্রা শতকরা হারে (%) নির্ধারিত হবে | |
| ৬.১ | প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | প্রকল্পের নাম উল্লেখ থাকতে হবে, ৫ নম্বর কলাম পূরণ করা হয়নি | |
| ৬.২ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | ৫ নম্বর কলাম পূরণ করা হয়নি | |
| ৬.৩ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ৫ নম্বর কলাম পূরণ করা হয়নি | |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সংশোধিত বাজেটের আলোকে ৩য়/৪র্থ প্রান্তিকেও একটি রাখা যায় | |
| ৮.১ | ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | সিটিজেনস্ চার্টার-এর প্রণয়ন/হালনাগাদ করতে হবে এবং কোন ক্ষেত্রে বাস্তবায়ন পরিবীক্ষণ করা হবে তার নির্দিষ্ট তালিকা কার্যক্রমের নামের সাথে উল্লেখ করতে হবে | |
| ৮.২ | ৮.২ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | লক্ষ্যমাত্রার সংখ্যা বাড়ানো যেতে পারে | |
| ৯.২ | সিসি ক্যামেরায় ডিপো মনিটরিং | ২নং কলামে সূচক পরিবর্তন করতে হবে, ৬ নম্বর কলাম-এ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রার যোগফলের সংখ্যা বসবে | |
| ৯.৩ | প্রধান কার্যালয় কর্মকর্তা কর্তৃক ডিপো মনিটরিং | ২নং কলামে সূচক পরিবর্তন করতে হবে, ৬ নম্বর কলাম-এ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রার যোগফলের সংখ্যা বসবে | |
| ৯.৪ | অনলাইনে প্রতিদিনের আয়-ব্যয়ের তথ্য প্রদান | ২নং কলামে সূচক পরিবর্তন করতে হবে, ৬ নম্বর কলাম-এ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রার যোগফলের সংখ্যা বসবে | |
| ৯.৫ | ডিপোসমূহে মাসিক মটিভেশনাল সভা | ২নং কলামে সূচক পরিবর্তন করতে হবে, ৬ নম্বর কলাম-এ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রার যোগফলের সংখ্যা বসবে | |
| ১০.১ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | NIS মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ৪র্থ প্রান্তিক নির্ধারণ করতে হবে | |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | লক্ষ্যমাত্রায় তারিখ সঠিকভাবে দেয়া হয়নি। লক্ষ্যমাত্রা নিম্নরূপ হতে পারে -<br>১ম : ১৬/০৮/২০২০, ২য় : ১৫/১০/২০২০, ৩য় : ১৫/০১/২০২১, ৪র্থ : ১৫/০৪/২০২১ | |

দপ্তর/সংস্থার নাম : ডিটিসিএ

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন | মন্তব্য |
|---|---|---|---|
| ২.৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের বিষয় ক্লাস্টার ভিত্তিক করে প্রশিক্ষণার্থীর সংখ্যা নির্ধারণ করা যায় | |
| ৩.২ | ট্রাফিক সার্কুলেশন সার্টিফিকেট সার্ভিস অনলাইনকরণ | কার্যক্রমের সাথে সূচক সামঞ্জস্যপূর্ণ নয় | |
| ৪.১ | সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | লক্ষ্যমাত্রা যে কোন একটি তারিখ হবে | |
| ৬.২ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | পরিদর্শন সংখ্যা বাড়ানো যেতে পারে | |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সংশোধিত বাজেটের আলোকে ৩য়/৪র্থ প্রান্তিকেও একটি রাখা যায় | |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | সিটিজেনস্ চার্টার-এর প্রণয়ন/হালনাগাদ করতে হবে এবং কোন ক্ষেত্রে বাস্তবায়ন পরিবীক্ষণ করা হবে তার নির্দিষ্ট তালিকা কার্যক্রমের নামে সাথে উল্লেখ করতে হবে | |
| ৮.২ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | সংখ্যা বাড়ানো যেতে পারে | |
| ৮.৩ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | শাখা পরিদর্শনের পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। ব্যাখ্যা প্রয়োজন | |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | সংখ্যা বাড়ানো যেতে পারে | |
| ৯.২ | TCEC কার্যক্রম পরিবীক্ষণ | কার্যক্রমটি সভায় ব্যাখ্যা করা যেতে পারে | |
| ১১.১ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | লক্ষ্যমাত্রায় তারিখের সাথে সংখ্যা উল্লেখ করতে হবে | |
| ১৩.১ | দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয় এবং ওয়েবসাইটে আপলোডকরণ | NIS মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত তারিখ ১০/০৮/২০২০ | |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ৮, ৯, ১০, ১১ কলামের সাল সংশোধন প্রয়োজন | |

দপ্তর/সংস্থার নাম : ডিএমটিসিএল

| NIS ক্রম | কার্যক্রমের নাম | পরিবীক্ষণ প্রতিবেদন | মন্তব্য |
|---|---|---|---|
| ৪.১ | সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | লক্ষ্যমাত্রা যে কোন একটি তারিখ হতে পারে | |
| ৫.২ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে | |
| ৬.২ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে | |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সংশোধিত বাজেটের আলোকে ৩য়/৪র্থ প্রান্তিকেও একটি রাখা যায় | |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | বর্তমান বাস্তবতায় সিটিজেনস্ চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে কার্যক্রম সভায় অবহিত করা যায় | |
| ৮.২ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে | |
| ৮.৪ | ৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে | |
| ৯.১ | সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ | ২.৪ ক্রমে প্রশিক্ষণ অংশে আছে। অন্য কার্যক্রম নেয়া যেতে পারে। | |
| ৯.৪ | ভিডিও/অনলাইন/জুম কনফারেন্স | লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে | |
| ১১.১ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | ৬ কলামে তারিখ উল্লেখ করতে হবে | |
| ১৩.১ | দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয় এবং ওয়েবসাইটে আপলোডকরণ | NIS মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত তারিখ ১০/০৮/২০২০ | |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ৬ কলামে ৩টি তারিখ উল্লেখ আছে। আরো একটি তারিখ উল্লেখ করতে হবে। | |

৪.০ সিদ্ধান্ত :

৪.১ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩.২ ক্রমিকের "সড়ক পরিবহন আইন ২০১৮ এর আওতায় বিধিমালা" খসড়া ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ কার্যক্রমটি ইতোপূর্বে একবার প্রেরণ করা হয়েছে। বর্তমানে পূণঃ প্রেরণ প্রক্রিয়াধীন থাকায় কর্ম-পরিকল্পনা থেকে বাদ যাবে;

৪.২ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৯.৩ ক্রমিকের সড়ক মনিটরিং টিম এবং মনিটরিং কমিটি ও সড়ক বিভাগের কার্যক্রম পর্যবেক্ষণ ও সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত জোন সমন্বয়ক কর্তৃক সড়ক-মহাসড়ক পরিদর্শণ কার্যক্রমটি বর্তমানে করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে মহাসড়ক পরিবদর্শন কার্যক্রম ব্যহত হচ্ছে। সে পরিপ্রেক্ষিতে মোট লক্ষ্যমাত্রা ৪০টির স্থলে ৩০টি করা হয় এবং ২য় প্রান্তিকে ১০টি, ৩য় প্রান্তিকে ১০টি ও ৪র্থ প্রান্তিকে ১০টি পূণঃনির্ধারিত হবে;

৪.৩ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১২.১ ক্রমিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ কার্যক্রমটি বর্তমানে করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত শারিরীক উপস্থিতিতে সভা, প্রশিক্ষণ কিছু কম হওয়ার কারণে বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান পূণঃনির্ধারণ প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে মোট লক্ষ্যমাত্রা ৬.৫০ লক্ষ টাকার স্থলে ৪.৬ লক্ষ টাকা এবং ১ম প্রান্তিকে ৫০০০/-, ২য় প্রান্তিকে ১০০০০/- স্থলে ৫০০০/- ৩য় প্রান্তিকে ১৫০০০০/- স্থলে ১০০০০০/- ও ৪র্থ প্রান্তিকে ৩৫০০০০/- টাকা পূণঃনির্ধারিত হবে;

৪.৪ মন্ত্রিপরিষদ বিভাগের পরিবীক্ষণ বিবেচনায় নিয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সংশোধিত প্রস্তাবিত NIS কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য চূড়ান্ত অনুমোদন করা হল;

৪.৫ অধীনস্ত দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের খসড়া NIS কর্ম-পরিকল্পনা এ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী সংশোধন বিবেচনায় নিয়ে স্ব স্ব নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে আগামী ১০/০৮/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ ও স্ব স্ব সংস্থার ওয়েবসাইটে আপলোড করবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৫/৮/২০
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০৬৮.২০-৩২৭

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪২৭ / ০৯ আগস্ট, ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৪। অফিস কপি/মাস্টার কপি।

৯/৮/২০২০
দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd